# বুধবার মানিক মিয়া অ্যাভিনিউতে বাদে জোহর বেগম জিয়ার জানাজা



সংগৃহীত ছবি

রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউতে বুধবার বাদ জোহর বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার জানাজা অনুষ্ঠিত হবে। দলটির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ মঙ্গলবার গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, জানাজা শেষে শেরেবাংলা নগরের জিয়া উদ্যানে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের কবরের পাশেই বেগম খালেদা জিয়াকে দাফন করার বিষয়ে প্রস্তুতি নেওয়া হচ্ছে।

উল্লেখ্য, মঙ্গলবার ভোর ৬টায় রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন বেগম খালেদা জিয়া।মৃত্যুকালে বেগম জিয়ার বয়স ছিল ৮০ বছর। শেষ সময়ে হাসপাতালে তার বড় ছেলে ও বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানসহ পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

LENS ASIA